অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ওনোনডেগা কাউন্টি এবং মিউনিসিপ্যাল অংশীদাররা 19 মিলিয়ন ডলারেরও বেশি স্টেট ম্যাচিং তহবিল অর্জন করছে বলে গভর্নর হোকলের ঘোষণা

2019 সালে অর্জিত করদাতাদের সাশ্রয়ের ফলস্বরূপ *19,342,064 ডলারের স্টেট ম্যাচিং তহবিল*

নতুন, স্থানীয়ভাবে শনাক্তকৃত পরিষেবা প্রকল্পগুলো বাস্তবায়নের মাধ্যমে তৈরি হওয়া করদাতাদের সাশ্রয়ের সাথে স্টেট 95% ম্যাচিং তহবিল অনুমোদন করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সিরাকিউস সিটি, সিরাকিউস সিটি স্কুল ডিস্ট্রিক্ট, কায়ুগা ও ওসওয়েগো কাউন্টি এবং ম্যানলিউস ও ফায়েটভিল ভিলেজের সঙ্গে কর্মদক্ষতার অংশীদারিত্বের জন্য কাউন্টি-ব্যাপী শেয়ারকৃত পরিষেবা উদ্যোগের (County-Wide Shared Services Initiative, CWSSI) মাধ্যমে ওনোনডেগা কাউন্টি এবং মিউনিসিপ্যাল অংশীদাররা 19 মিলিয়ন ডলারেরও বেশি স্টেট ম্যাচিং তহবিল পাবে। ওনোনডেগা কাউন্টি পরিষেবা ও কমিউনিটি কর্মসূচিগুলোতে সরকারের কর্মদক্ষতার মাধ্যমে পরিষেবাগুলো একীভূত করা এবং করদাতাদের অর্থ সাশ্রয় করার প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছে।

"এখানে নিউ ইয়র্কে আমরা করদাতাদের ডলার সাশ্রয় করার নতুন ও উদ্ভাবনমূলক উপায় খুঁজে বের করতে অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "ব্যয় কমানো এবং নিউ ইয়র্কের করদাতাদের জন্য সত্যিকারের সাশ্রয় তৈরি করতে কর্মদক্ষতা খুঁজে নেয়ার জন্য বাক্সের বাইরে চিন্তা করার জন্য আমি ওনোনডেগা কাউন্টির পাশাপাশি কায়ুগা ও ওসওয়েগো কাউন্টি, সিরাকিউস সিটি, সিরাকিউস সিটি স্কুল ডিস্ট্রিক্ট এবং স্থানীয় কর্মকর্তাদের নেতৃত্বদানের প্রচেষ্টার প্রশংসা করি।"

প্রকল্প বাস্তবায়নের প্রথম বছরে করদাতাদের 20 মিলিয়ন ডলারেরও বেশি সাশ্রয় অর্জন করার উদ্দেশ্য নিয়ে ওনোনডেগা কাউন্টি পাঁচটি শেয়ারকৃত পরিষেবা প্রকল্প চালু করেছে। শেয়ারকৃত পরিষেবার অংশীদাররা এসব প্রকল্প ও পরিষেবা অব্যাহত রাখলে ভবিষ্যত বছরগুলোতেও অনুরূপ পরিমাণের সাশ্রয় হতে থাকবে। এই অর্থবছরে, CWSSI এই উদ্যোগের ফলস্বরূপ উদ্‌ভূত কাউন্টি-ব্যাপী পরিকল্পনাগুলোতে শনাক্ত করা নতুন শেয়ারকৃত পরিষেবাগুলোর বাস্তবায়নের মাধ্যমে অর্জিত করদাতাদের সাশ্রয়ের সাথে 95 শতাংশ ম্যাচিং তহবিল প্রদান করছে। ওনোনডেগার বাস্তবায়ন করা পাঁচটি প্রকল্প নিম্নরূপ:

- একটি যৌথ মেডিকেয়ার সুবিধা প্রেসক্রিপশন ওষুধ পরিকল্পনা (Joint Medicare Advantage Prescription Drug Plan) তৈরির মাধ্যমে 16,609,003 ডলার সাশ্রয়ের জন্য সিরাকিউস সিটি এবং সিরাকিউস সিটি স্কুল ডিস্ট্রিক্টের সাথে অংশীদার হয়েছে।
- 3,412,968 ডলার সাশ্রয়ের জন্য ওনোনডেগা কাউন্টি ফার্মেসি বেনিফিট ম্যানেজার পরিষেবাগুলো প্রদানের জন্য সিরাকিউস সিটি ও ওসওয়েগো কাউন্টির সাথে অংশীদার হয়েছে।
- 214,418 ডলার সাশ্রয়ের জন্য ম্যানলিউস ও ফায়েটভিল ভিলেজ ডেপুটি ফায়ার চিফের দায়িত্ব পালনের জন্য অংশীদার হয়েছে।
- 111,678.71 ডলার সাশ্রয়ের জন্য ওনোনডেগা কাউন্টি একটি সম্মিলিত রোড সল্ট নিলাম উদ্যোগের জন্য কায়ুগা কাউন্টির সাথে অংশীদার হয়েছে।
- করদাতাদের 12,000 ডলার সাশ্রয়ের জন্য ম্যানলিউস ও ফায়েটভিল ভিলেজ পাঁচটি অ্যাম্বুলেন্স ক্রয়ের জন্য অংশীদার হয়েছে।

শনাক্তকৃত শেয়ারকৃত পরিষেবাগুলোর জন্য স্টেটের 95% ম্যাচিং তহবিল প্রদানের ফলে মোট অনুদানের পরিমাণ দাঁড়াবে:

ওনোনডেগা কাউন্টি - 5,424,961 ডলার
সিরাকিউস সিটি - 9,416,936 ডলার
সিরাকিউস সিটি স্কুল ডিস্ট্রিক্ট - 4,285,070 ডলার
ফায়েটভিল ভিলেজ - 106,238 ডলার
ম্যানলিউস ভিলেজ - 108,860 ডলার

ভারপ্রাপ্ত সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "অব্যাহতভাবে করদাতাদের ডলার সাশ্রয় করা এবং কর্মদক্ষতা তৈরির নতুন উপায় সন্ধান করার জন্য আমরা আমাদের স্থানীয় সরকারগুলোর সাথে একসঙ্গে কাজ করতে অঙ্গীকারাবদ্ধ। ওনোনডেগা কাউন্টির অর্জন করা এই সাশ্রয় নিউ ইয়র্ক ব্যাপী করদাতাদের জন্য কাউন্টি-ব্যাপী শেয়ারকৃত পরিষেবা উদ্যোগ যে প্রকৃত পার্থক্য এনে দিতে পারে তা তুলে ধরেছে।"

ওনোনডেগা কাউন্টির এক্সিকিউটিভ রায়ান ম্যাকমাহন বলেন, "ওনোনডেগা কাউন্টি প্রতিনিয়ত আমাদের অধিবাসীদের জন্য সর্বোচ্চ মানসম্মত পরিষেবা প্রদান করা এবং একই সময়ে তাদের ট্যাক্স ডলারের ভালোভাবে দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার উপায় অনুসন্ধান করে যাচ্ছে। আমাদের সঙ্গী মিউনিসিপ্যাল অংশীদারদের সঙ্গে সম্পন্ন করা এসব সাম্প্রতিক সফল উদ্যোগ এসব প্রচেষ্টারই প্রমাণ। এসব প্রচেষ্টার স্বীকৃতি প্রদানের জন্য এবং সেগুলোর সাথে মিল রেখে তহবিল বরাদ্দ দেয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমরা আমাদের স্থানীয় করদাতাদের জন্য সাশ্রয়ে সাহায্য করার আরো বেশি উপায় খুঁজে বের করার প্রত্যাশা রাখি।"

সিরাকিউস সিটির মেয়র বেন ওয়ালশ বলেন, "ওনোনডেগা কাউন্টি এবং সিরাকিউস সিটি স্কুল ডিস্ট্রিক্টের সাথে একসঙ্গে কাজ করার মাধ্যমে, আমরা স্থানীয় করদাতাদের জন্য উল্লেখযোগ্য সাশ্রয় অর্জন করতে সক্ষম হয়েছি এবং একই সময়ে আমাদের কর্মচারীদের জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা সুবিধা ও পরিষেবাগুলো পৌঁছে দিতে পেরেছি। স্টেটের ম্যাচিং তহবিল উদ্যোগ এই

সহযোগিতার সম্পর্ককে আমরা যাদেরকে সেবা দিয়ে থাকি তাদের জন্য আরো বেশি লাভজনক করে তোলে। ফলপ্রসূ শেয়ারকৃত পরিষেবা কর্মসূচিগুলোতে পুরস্কৃত করার স্টেটের এই অঙ্গীকার পূরণের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আমি অর্থ সাশ্রয় করা এবং পরিষেবা উন্নত করার জন্য ভবিষ্যত সহযোগিতাগুলোর ব্যাপারে আমাদের স্থানীয় অংশীদারদের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "স্থানীয় সরকারগুলোর মধ্যে পরিষেবা শেয়ার করা এবং কর্মদক্ষতা খুঁজে নেয়া করদাতাদের জন্য কল্যাণকর এবং ওনোনডেগা কাউন্টি নিউ ইয়র্ক স্টেটে স্বর্ণের মানদণ্ড স্থাপনকারী হিসেবে প্রমাণিত হয়েছে। CWSSI কর্মসূচিকে সহায়তা করা এবং স্কুল, সিটি, এবং ফায়েটভিল ও ম্যানলিউস সহ আশেপাশের কমিউনিটিগুলোর সঙ্গে কাউন্টির নেতৃত্বে সম্পন্ন করা অংশীদারিত্বের মাধ্যমে 19 মিলিয়ন ডলারেরও বেশি ম্যাচিং তহবিল তৈরি করায় গভর্নর ক্যাথি হোকলের সঙ্গে যোগ দিতে পেরে আমি গর্বিত।"

সিনেটর র‍্যাচেল মে বলেন, "আমাদের অধিবাসীরা সরকারের কাছ থেকে ফলপ্রসূ সেবা পাওয়ার অধিকারী। মিউনিসিপ্যালিটিগুলো পরিষেবা পৌঁছে দেয়ার প্রক্রিয়া উন্নত করলে তা সাশ্রয় তৈরি করে এবং একই সময়ে পরিষেবা পৌঁছে দেয়ার মান বজায় রাখে। এটি উদ্দীপনাপূর্ণ একটি সংবাদ যে এই অংশীদারিত্ব করদাতাদের কয়েক মিলিয়ন ডলার সাশ্রয় করেছে এবং স্টেট এখানে ওনোনডেগা কাউন্টিতে ম্যাচিং তহবিল প্রদান করছে। গভর্নর হোকলকে ধন্যবাদ এবং সকল মিউনিসিপ্যালিটিকে অভিনন্দন!"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "কাউন্টি-ব্যাপী শেয়ারকৃত পরিষেবা উদ্যোগের (CWSSI) মাধ্যমে প্রদান করা ম্যাচিং তহবিল কার্যকর অংশীদারিত্ব, যেমন পরিষেবাগুলো একীভূতকরণকে উৎসাহিত করে এবং করদাতাদের অর্থ সাশ্রয় করে। এই কর্মসূচি হ্রাসকৃত ব্যয়ে আমাদের অধিবাসীদের আরো ভালোভাবে সেবা দেয়ার জন্য স্থানীয় ও স্টেট সরকারের অভিনব উপায়গুলোর একটি উদাহরণ।"

অ্যাসেম্বলি সদস্য আল স্ট্রাইপ বলেন, "সহযোগিতামূলক শেয়ারকৃত পরিষেবার ফলস্বরূপ পাওয়া এই উল্লেখযোগ্য তহবিল আমাদের করদাতাদের জন্য উভয় পক্ষের জয়লাভ করার মতো একটি ব্যাপার। পরবর্তীতে, এই বাস্তবায়নের সফলতা খরচগুলো আরো কমিয়ে আনার সুযোগ সম্প্রসারণ করা অব্যাহত রাখবে। আমরা আপস্টেট নিউ ইয়র্কবাসীদের প্রতি অঙ্গীকারাবদ্ধতার জন্য এবং আমাদের মিউনিসিপ্যাল অংশীদারদের সহায়তার জন্য গভর্নর হোকল ও আমাদের স্থানীয় প্রতিনিধিদের ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা হান্টার বলেন, "এই শেয়ারকৃত পরিষেবা উদ্যোগের অধীনে তাদের সম্পন্ন করা কাজের জন্য আমাদের কাউন্টি, সিটি ও স্কুল ডিস্ট্রিক্টের গর্ব বোধ করা উচিত। এই সহযোগিতা শুধু পরিষেবাগুলো উন্নত করবে তাই নয়, বরং এটি অধিবাসীদের সম্পত্তির করও সাশ্রয় করবে। আমাদের এলাকা সর্বোচ্চ পরিমাণের ম্যাচিং তহবিল বরাদ্দ পাওয়ায়, আমরা আমাদের স্থানীয় পরিষেবাগুলোতে আরো বেশি বিনিয়োগ করতে সক্ষম হবো।"

CWSSI স্টেটব্যাপী স্থানীয় সরকারগুলোর মধ্যে সহযোগিতা সহজতর করার মাধ্যমে সম্পত্তির কর সাশ্রয় করে। CWSSI এবং স্টেট ম্যাচিং তহবিলের জন্য আবেদন প্রক্রিয়ার পাশাপাশি অতীতের CWSSI পরিকল্পনাগুলো সম্পর্কে নির্দেশনামূলক ডকুমেন্ট এখানে পাওয়া যাবে।

এই কাউন্টি-ব্যাপী পরিষেবা উদ্যোগ ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) স্থানীয় সরকারের পরিষেবা বিষয়ক অধিদপ্তর (Division of Local Government Services)-এর পরিচালনাধীন। এই ডিভিশন স্থানীয় সরকারগুলোকে প্রযুক্তিগত সহায়তা এবং প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করে। CWSSI অথবা এই ডিভিশনের পরিচালনাধীন যেকোনো কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে localgov@dos.ny.gov ঠিকানায় যোগাযোগ করুন অথবা 518 473-3355 নম্বরে ফোন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন